

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING &amp; FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্য়াবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং - ৭৩/২০২১

তারিখ: ০২/১২/২০২১ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

**ASYCUDA World System এ Login এর ক্ষেত্রে  
One Time Password (OTP) ব্যবস্থা চালুকরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**


জাতীয় রাজস্ব বোর্ড এর নথি নং-০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/২২৬, তারিখ: ২৮/১১/২০২১ খ্রি: এর প্রেক্ষিতে সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ASYCUDA World System এ Login প্রক্রিয়া অধিকতর নিরাপদ এবং সুরক্ষিত করার উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক One Time Password (OTP) ব্যবস্থা ০১/১২/২০২১ খ্রি: তারিখ থেকে বাধ্যতামূলকভাবে চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়। কিন্তু নতুন এ ব্যবস্থা সম্পর্কে সিএন্ডএফ এজেন্টদের সম্যক ধারণা না দিয়ে বাধ্যতামূলকভাবে চালু করা হলে সিএন্ডএফ এজেন্টদের ASYCUDA World System এ Login করার সময় সমস্যায় পড়তে হবে। তাই One Time Password (OTP) ব্যবস্থা বাধ্যতামূলকভাবে চালু করার পূর্বে এ ব্যবস্থা সম্পর্কে এসোসিয়েশনের সদস্য সিএন্ডএফ এজেন্টদের সম্যক ধারণা দেওয়ার জন্য কয়েকদিন সময় চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনা করার প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক One Time Password (OTP) ব্যবস্থা ০১/১২/২০২১ খ্রি: এর পরিবর্তে আগামী ১৫/১২/২০২১ খ্রি: তারিখ হতে বাধ্যতামূলক করার ব্যাপারে সিদ্ধান্ত প্রদান করা হয়।

এ প্রেক্ষিতে One Time Password (OTP) ব্যবস্থায় ASYCUDA World System এ Login করার প্রক্রিয়া এসোসিয়েশনের সদস্যদের সুবিধার্থে নিম্নে উল্লেখ করা হলো।

১. কম্পিউটারের ইন্টারনেট ব্রাউজার এর মাধ্যমে <http://customs.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।
২. ওয়েবসাইটের ASYCUDA World (OTP) লিংকে Click করে AW\_prod\_OTP.jnlp ফাইলটি কম্পিউটারে ডাউনলোড করতে হবে।
৩. ডাউনলোড ফোল্ডার থেকে AW\_prod\_OTP.jnlp ফাইলটি Copy করে ডেস্কটপে Paste করতে হবে।
৪. ডেস্কটপ থেকে AW\_prod\_OTP.jnlp ফাইলটি Open করলে Login Screen আসবে।
৫. Login Screen এ ASYCUDA World User ID এবং Password টাইপ করে Keyboard এর Enter বাটনে Press করলে ASYCUDA World System এ প্রদত্ত ব্যবহারকারীর Mobile Number এবং E-mail এ ০৬ (ছয়) ডিজিটের একটি OTP Code আসবে।
৬. উক্ত OTP Code টি Login Screen এর OTP ঘরে টাইপ করে (✓) চিহ্নে Click করে অথবা Keyboard এর Enter বাটনে Press করলে ASYCUDA World System এ Login সম্পন্ন হবে।

ASYCUDA World System এ প্রত্যেকবার Login করার সময় One Time Password (OTP) এর মাধ্যমে Login করতে হবে। ASYCUDA World System এ প্রদত্ত সিএন্ডএফ এজেন্টের Mobile Number এবং E-mail পরিবর্তন করার প্রয়োজন হলে সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে। সদস্যদের সুবিধার্থে AW OTP based login Manual সদস্যদের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। ASYCUDA World System এ One Time Password (OTP) এর মাধ্যমে Login করতে কোন সহযোগিতার প্রয়োজন হলে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১. জনাব ওয়েজ উদ্দিন মোঃ মাসুম, কম্পিউটার কোঅর্ডিনেটর - ০১৭১২২৯৫৮৩৭
২. জনাব মোঃ আবদুল করিম (বাবর), সিনিয়র এন্ট্রিকিউটিভ - ০১৭১৬৩৯৬২৬৩



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চ)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন